NYC Public Schools

# PS+YOU

চ্যান্সেলর **মেলিসা অ্যাভিলেস্-রামোস**-এর কাছ থেকে একটি নিউজলেটার








**স্কুলে প্রত্যাবর্তনে স্বাগতম!**

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

শুভ প্রত্যাবর্তন! 2025-26 শিক্ষা বছর শুরু হচ্ছে সেজন্যে আমি উদ্দীপ্ত, এবং আমি আশা করি আপনিও তেমন অনুভব করছেন। একজন শিক্ষাবিদ এবং মা হিসেবে, আমার অনেকগুলো স্কুলের প্রথম দিনের অভিজ্ঞতা হয়েছে—কিন্তু এবারেরটি আমার জন্য বিশেষ অর্থ বহন করে, কারণ এটি চ্যান্সেলর হিসেবে আমার জন্য প্রথম "স্কুলের প্রথম দিন"। আমাদের কমিউনিটির এই বছর একসাথে অনেক কিছু অর্জন করার আছে, এবং আমি শুরু করতে অধীর অপেক্ষা করছি।

প্রথমত, আমরা আমাদের মুখ্য উদ্যোগগুলো অব্যাহতভাবে সম্প্রসারণ করে যাবো: এনওয়াইসি রিডস্ (NYC Reads), এনওয়াইসি সলভ্স্ (NYC Solves), স্টুডেন্ট প্যাথওয়েস্ (Student Pathways), এবং এনওয়াইসিপিএস কেয়ারস্ (NYCPS Cares)। এনওয়াইসি রিডস্ (NYC Reads) এবং এনওয়াইসি সলভস্ (NYC Solves), যা লিটারেসি (সাক্ষরতা) এবং ম্যাথ (গণিত) শিক্ষা-নির্দেশনা পুনরায় রূপদান করে, আরও 186-

টি স্কুলে আসছে, এবং আমাদের ফিউচাররেডিএনওয়াইসি (FutureReadyNYC) প্রোগ্রাম, যা আমাদের হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য উচ্চ-চাহিদাযুক্ত পেশার বিভিন্ন পথ-পরিক্রমা অফার করে, আরও 50-টি স্কুলে সম্প্রসারিত হবে। এনওয়াইসিপিএস কেয়ারস্ (NYCPS Cares), আমাদের নব্য উদ্যোগ, যার মুল লক্ষ্যই হলো আমাদের কমিউনিটিগুলোতে যত্নের সংস্কৃতি তৈরি করা; এই কাজের অংশ হিসেবে, আমরা শিক্ষার্থী-পরিচালিত মাস্তানি বা বুলিং-বিরোধী ও ভেপিং-বিরোধী প্রচারাভিযানের পাশাপাশি ফ্যামিলি কানেক্টরস্ (পরিবারের সাথে সংযোগকারী) নামক একটি কর্মসূচি চালু করেছি, যেখানে পরিবারের সদস্যগণ এবং কমিউনিটির স্বেচ্ছাসেবীগণ অন্য পরিবারদেরকে সিটির তথ্য-সংস্থান পেতে সহায়তা করে।

এই উদ্যোগগুলো ইতোমধ্যেই প্রভাব ফেলছে—শুধু আমাদের 2025 স্টেট পরীক্ষার ফলাফলেই তা দেখতে পাবেন, যা উভয় রিডিং (পড়া) এবং ম্যাথ-এ (গণিত) আশাব্যঞ্জক উন্নতি প্রদর্শন করছে। 3-8 গ্রেডে "প্রোফিশিয়েন্ট" (দক্ষ) স্কোর করা শিক্ষার্থীদের হার লিটারেসিতে (সাক্ষরতা) 7.2 শতাংশ এবং ম্যাথ-এ (গণিত) 3.5 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা 2012 সাল থেকে এই বিষয়গুলোতে দক্ষতার হারে আমাদের সর্বোচ্চ অগ্রগতি। আমি আমাদের শিক্ষার্থী, কর্মী, এবং পরিবারদের জন্য অত্যন্ত গর্বিত, যাদের কঠোর পরিশ্রম এবং প্রতিশ্রুতি এই ফলাফলে সরাসরি প্রতিফলিত হয়েছে। আমাদের অবশ্যই আরও অনেক কিছু করার আছে, তবে এই অগ্রগতি থেকে দেখা যাচ্ছে যে আমরা সঠিক পথে আছি।

এই বছর, আমরা বুদ্ধিবৃত্তিক কৌতূহল এবং শিক্ষায়তনিক কঠোরতার উপর জোর দিয়ে, সমৃদ্ধিমূলক আলোচনা, গভীর চিন্তাভাবনা, এবং প্রচুর "আহা!" মুহূর্ত দিয়ে ক্লাসরুমগুলো ভরপুর করে এই অগ্রগতি উপর গড়ে তুলবো। আমরা বিঘ্নতা হ্রাস করে শিক্ষার্থীদের পুরোপুরি সম্পৃক্ত হতে সহায়তা করতে প্রণীত স্টেটের নতুন আইন, যা স্কুলের দিবস চলাকালে শিক্ষার্থীদের ব্যক্তিগত ইন্টারনেট-সংযুক্তি সক্ষম ডিভাইস ব্যবহার নিষিদ্ধ করে তা বাস্তবায়ন করছি। শিক্ষার্থীদেরকে তাদের পেশা এবং কমিউনিটিতে সফল হবার জন্য জ্ঞান, দক্ষতা, এবং আত্মবিশ্বাস দিয়ে সজ্জিত করা - আমাদের এই লক্ষ্য পূরণের একটি মুখ্য উপাদান হলো আমাদের শিক্ষার্থীদের মাঝে শেখার প্রতি ভালোবাসার স্ফুলিঙ্গ প্রজ্জ্বলিত করা।

আমার অংশীদার হিসেবে আপনার সাথে এই যাত্রা শুরু করতে পেরে আমি অত্যন্ত উদ্দীপ্ত। আমাদের শিক্ষার্থীদের প্রতি আপনার নিবেদিত প্রাণের জন্য আমাদের কর্মীবৃন্দ, আমাদের পরিবারবর্গ, এবং পিতামাতা নেতৃবৃন্দ (প্যারেন্ট লিডার) এবং আমাদের পুরো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর কমিউনিটিকে ধন্যবাদ। স্কুলের প্রথম দিনটি আনন্দময় হোক, এবং একটি চমৎকার আসন্ন বছরের জন্য রইলো শুভকামনা!

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর

**আমাদের হাইলাইট ভিডিও:**



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং" (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

**NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:**

- বিভিন্ন সংবাদ এবং তথ্য-সংস্থানের জন্য, দ্যা মর্নিং বেল দেখুন, অথবা অনলাইনে ফেইসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

NYCPS Families: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব-এ ক্লিক করুন।